



গণবিজ্ঞপ্তি



শারদীয় দুর্গাপূজা নিরাপদ, শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে নির্বিঘ্নে উদ্‌যাপনের জন্য সম্মানিত জনসাধারণকে নিম্নোক্ত পরামর্শ গ্রহণের অনুরোধ জানানো হচ্ছে :

- ফেসবুক, টুইটার, ইউটিউব অথবা ব্লগ এবং মোবাইল ফোনের মাধ্যমে কোন ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক অমূলক বা গুজব কিংবা বিভ্রান্তিকর তথ্যে ধর্মীয় সম্প্রতি ও সামাজিক শান্তি যাতে বিনষ্ট/বিঘ্নত না হয় সে ব্যাপারে সতর্ক থাকুন এবং প্রয়োজনে পুলিশ কে অবহিত করুন।
- পূজা মন্ডপে কোন ব্যাগ, থলে বা পোটলা নিয়ে প্রবেশ করা থেকে বিরত থাকুন।
- পূজা মন্ডপে সিসি ক্যামেরা ও অগ্নি নির্বাপন যন্ত্র স্থাপন করুন।
- নিরাপত্তার লক্ষ্যে পূজা মন্ডপে স্বেচ্ছাসেবক নিয়োগ করুন। স্বেচ্ছাসেবকদের আলাদা পোষাক, দৃশ্যমান পরিচয়পত্র সঙ্গে রাখুন।
- পূজা চলাকালে আতশবাজি, পটকা ফোটানো এবং সকল প্রকার অস্ত্রসস্ত্র ও বিস্ফোরক দ্রব্য বহন করা থেকে বিরত থাকুন।
- পূজা মন্ডপে আগত নারী ও পুরুষ দর্শনার্থীদের জন্য পৃথক প্রবেশ পথ ও প্রস্থান পথের ব্যবস্থা করুন।
- পূজা মন্ডপে ও বিসর্জনে পযাণ্ড আলোর ব্যবস্থা রাখুন এবং সম্ভব হলে স্ট্যান্ডবাই জেনারেটর/হ্যাচাক লাইটের ব্যবস্থা রাখুন।
- আযান ও নামাজের সময় মাইক বন্ধ রাখুন এবং ছাত্র-ছাত্রীদের লেখা পড়ার সমস্যা না হয় সে জন্য মাইক এর সাউন্ড সহনীয় পর্যায়ে রাখুন।
- শোভাযাত্রার নির্ধারিত রুট ব্যবহার করে সূর্যাস্তের পূর্বে প্রতিমা বিসর্জনের স্থানে পৌঁছানো এবং যথাসম্ভব সন্ধ্যার আগে বিসর্জন সম্পন্ন করার ব্যবস্থা নিন।
- বিসর্জনের সময় স্থানীয় পূজা কমিটি কর্তৃক ভিডিও রেকর্ডিং এর ব্যবস্থা করার জন্য বলা যাচ্ছে।
- প্রয়োজনে রাজশাহী মহানগর পুলিশের সহায়তার জন্য আরএমপি পুলিশ কন্ট্রোল রুমের ফোন নং-০৭২১-৭৬০১৭০, মোবাঃ ০১৭৬৯-৬৯০৫১৬ এবং ৯৯৯ (টোল ফ্রি) নম্বরে যোগাযোগ করুন।

উৎসব হোক আনন্দমুখর

পুলিশের সেবা নিন, নিরাপদে থাকুন

রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী